

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 শিক্ষা মন্ত্রণালয়
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
 (বেসরকারি মাধ্যমিক-৩)
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৭.২০১৮(খন্দ-১).১৬৭

তারিখ : ০৮ কার্তিক, ১৪২৭
 ২০ অক্টোবর, ২০২০

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বৃদ্ধিপ্রাপ্ত সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) পদে এবং পূর্বে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদের এম.পি.ও. ভুক্তির বিষয়টি সূচ্ছটীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনবল কাঠামো ও এম.পি.ও. নির্দেশিকা-২০১০ মতে (২৪.০৩.২০১০ পর্যন্ত সংশোধিত) মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর ০১ (এক) টি পদ ছিল। জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ তে বিজ্ঞান বিভাগ অনুমোদন/চালু থাকলে সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর পরিবর্তে সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) ও সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) নামে ০২টি আলাদা আলাদা পদ সৃষ্টি করা হয়। সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে এন্টিআরসি কর্তৃক ২০১৯ সালের ২য় চক্রে সুপারিশপ্রাপ্ত হয়ে নিয়োগ পেয়ে অনেকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত আছেন। এ ক্ষেত্রে পূর্বে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং পরে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) এর এম.পি.ও. ভুক্তির সমস্যা নিরসনে নিয়ন্ত্রণভাবে বিষয়টি স্পষ্টীকরণ করা হলো :

(ক) যে সমস্ত প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে এখনও এন্টিআরসি কর্তৃক সুপারিশ করা হয়নি অর্থাৎ পূর্বের নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত হয়ে সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে ০১ (এক) জন শিক্ষক কর্মরত আছেন এবং উক্ত শিক্ষকের পঠিত বিষয় পদার্থ বিজ্ঞান/রসায়ন থাকলে তাঁকে সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) এবং পঠিত বিষয় প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান হলে তাঁকে সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) পদে এম.পি.ও. ভুক্ত করা যাবে।

(খ) মাধ্যমিক পর্যায়ে ২০১৮ সালের পূর্বের নীতিমালা অনুসারে বিধি মোতাবেক যিনি সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে নিয়োগপ্রাপ্ত হয়ে কর্মরত আছেন তাকে সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) হিসেবে এম.পি.ও. ভুক্ত করা যাবে। পরবর্তীতে এই পদটি শূন্য হলে সর্বশেষ নীতিমালা অনুযায়ী সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) এর জন্য এন্টিআরসি-তে যথাযথ মাধ্যমে চাহিদা প্রেরণ করতে হবে।

(গ) এন্টিআরসি কর্তৃক ২য় চক্রে সুপারিশ পেয়ে সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্তদের সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদেই বিবেচনা করে এম.পি.ও. ভুক্ত করতে হবে।

(ঘ) এন্টিআরসি কর্তৃক ২য় চক্রে সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে নিয়োগপ্রাপ্তদের এম.পি.ও. ভুক্তির কার্যক্রম সম্পর্ক হওয়ার পর সর্বশেষ নীতিমালা অনুযায়ী শূন্য পদে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগের চাহিদা এন্টিআরসি-তে প্রেরণ করতে হবে।

২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

*M. Atiqur Rahman
 20/10/2020*
 (মোমিনুর রশিদ আমিন)
 অতিরিক্ত সচিব
 ফোন: ৯৫৪০৯০৮

মাধ্যমিক
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
 শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।
৩. কমিশনার, ----- বিভাগ (সকল)।
৪. জেলা প্রশাসক,----- (সকল)।

৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,----- (সকল)।
৬. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব ম'হোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
১০. সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,----- বিভাগ (সকল)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল)।
১৬. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৭. জেলা হিসাবরক্ষণ অফিসার, ----- (সকল)।
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ----- (সকল)।
২০. অফিস কপি।